দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUL 2009
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# শিশুদের আনন্দে শিক্ষা গ্রহণের সুযোগ করে দিতে হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোঃ মোতাহার হোসেন বলেছেন, গতানুগতিকভাবে লেখাপড়ার দিন শেষ হয়ে গেছে। শুধু লেখাপড়া নয় শিশুদের সাংস্কৃতিক বিকাশেও বিকশিত হতে হবে। বিশ্ব উপযোগী করে তাদের গড়ে তুলতে হবে। তাদের স্বপ্ন দেখতে শেখাতে হবে, আনন্দে শিক্ষা গ্রহণের সুযোগ করে দিতে হবে।

গত রবিবার বাংলাদেশ শিশু একাডেমীর উদ্যোগে একাডেমী মিলনায়তনে শিশুদের মৌসুমী প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। একাডেমীর চেয়ারম্যান মুস্তাফা মনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন একাডেমীর পরিচালক তাজুল ইসলাম।

প্রতিমন্ত্রী আরো বলেন, আগামী ২০১১ সালের মধ্যে স্কুলগামী সব শিশুকে স্কুলে আনা হবে। বর্তমানে ৪০ ভাগ ছেলেমেয়েকে উপবৃত্তি দেয়া হলেও আগামী বছর থেকে ১০০ ভাগ শিক্ষার্থীদের উপবৃত্তি দেয়া হবে। পাশাপাশি তাদের টিফিন দেয়া হবে।

শিল্পী মুস্তাফা মনোয়ার বলেন, শিশুদের আনন্দে শিক্ষা গ্রহণের সুযোগ করে দিতে হবে। একদিন এই শিশুদের মধ্য থেকেই রবীন্দ্রনাথ, নজরুল কিংবা জয়নুল হবেন। তিনি আরো বলেন, এই ধরনের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে শিশুরা তাদের সৃজনশীলতা, মেধা ও যোগ্যতা প্রমাণের মাধ্যমে গড়ে ওঠার সুযোগ লাভ করবে।

আলোচনা সভাশেষে প্রতিমন্ত্রী সারাদেশ থেকে জাতীয় পর্যায়ে ৬০ জন বিজয়ী শিশুর হাতে পদক ও সনদপত্র তুলে দেন। এরপর বিজয়ী শিশুরা দলগতভাবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।